

জনতা ব্যাংক পিএলসি.  
প্রধান কার্যালয়  
১১০, মতিঝিল বা/এ  
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট  
ফোন নং-০২-২২৩৩৮৭১৬৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১২৫৬/২৪

তারিখঃ ২৪.০৩.২০২৪ ইং  
১০ চৈত্র ১৪৩০ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক পিএলসি.  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/  
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় :- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আভারহ্যাডজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের ন্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজ, গার্লস্‌ ইউনিট এবং প্রযুক্তি ইউনিটের ভর্তির কার্যক্রমের ফরম ও ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

প্রধান কার্যালয়ের জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক ভর্তি সংক্রান্ত বিষয়ে জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তারিখ ১৯/০৮/২০১৫ এর অন্যান্য নির্দেশনা অনুসরণসহ নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজ, গার্লস্‌ ইউনিট এবং প্রযুক্তি ইউনিটের আভারহ্যাডজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম ২১.০৩.২০২৪ তারিখ হতে শুরু হয়ে ২৫.০৪.২০২৪ তারিখ শুক্রবার পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেছে (কেন্দ্রীয় ভর্তি অফিসের পত্র নং কেভঅ/৩৬০ তারিখঃ ১৪.০৩.২০২৪)। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে :

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (<http://admission.eis.du.ac.bd>) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ নিম্নোক্ত হারে টাকা জমা দিবেন।

ইউনিট	ভর্তির প্রাথমিক আবেদন ফি	অনলাইন সার্ভিস ফি	ব্যাংকের পেমেন্ট সার্ভিস চার্জ	নির্ধারিত মোট টাকা
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট	৭৪০.১২	৫০	৯.৮৮	৮০০.০০
বিজ্ঞান ইউনিট				
ব্যবসায় শিক্ষা ইউনিট				
প্রযুক্তি ইউনিট	৭৪৯.৫১	৯০	১০.৪৯	৮৫০.০০
গার্লস্‌ অর্থনীতি ইউনিট				

পে-ইন স্লিপের দুটি অংশ থাকবে। প্রথমটি আবেদনকারীর অংশ, অন্যটি ব্যাংকের অংশ। উভয় অংশের নির্ধারিত স্থানে ভর্তিচ্ছু প্রার্থীর একই ধরনের আপলোডকৃত ছবি আছে কিনা এবং স্বাক্ষর করেছে কিনা তা নিশ্চিত হয়ে নির্ধারিত টাকা গ্রহণ করার পর ছবি দুটিতে ব্যাংকের সীল দিতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা তাতে স্বাক্ষর প্রদান করে আবেদনকারীকে তার অংশ ফেরত দিবে।

আবেদনকারীর টাকা জমা দেওয়ার তথ্য শাখা ব্যাংক হতে প্রধান কার্যালয়ে এবং প্রধান কার্যালয় হতে [janatabank.eis.du.ac.bd](http://janatabank.eis.du.ac.bd) ওয়েবসাইটের মাধ্যমে দুই কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পাঠাতে হবে। আবেদন ফি এর তথ্য আপলোড করার নির্দেশিকা সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেওয়া থাকবে।

(খ) আদায়কৃত ৮০০.০০ (আটশত) টাকার মধ্যে ৭৯০.১২ (সাতশত নব্বই টাকা বার পয়সা) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ৯.৮৮ (নয় টাকা আটশি পয়সা) টাকার মধ্যে ১.২৯ (এক টাকা উনত্রিশ পয়সা) টাকা “আয় খাত বিবিধ” এবং ৮.৫৯ (আট টাকা উনষাট পয়সা) টাকা “ভ্যাট” হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।


চলমান পাতা-২

বিষয় ৪- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আভারথ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের ন্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজ, গার্লস্‌ ইউনিট এবং প্রযুক্তি ইউনিটের ভর্তির কার্যক্রমের ফরম ও ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ প্রসঙ্গে।

আদায়কৃত ৮৫০.০০ (আটশত পঞ্চাশ) টাকার মধ্যে ৮৩৯.৫১ (আটশত উনচল্লিশ টাকা একান্ন পয়সা) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ১০.৪৯ (দশ টাকা উনপঞ্চাশ পয়সা) টাকার মধ্যে ১.৩৭ (এক টাকা সাইত্রিশ পয়সা) টাকা “আয় খাত বিবিধ” এবং ৯.১২ (নয় টাকা বার পয়সা) টাকা “ভ্যাট” হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।


- (গ) আবেদনকারীর তথ্য JB Online Solutions-এ Login করে University Admission System এর মাধ্যমে তাত্ক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবে না।
- (ঘ) শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।
- (ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট শাখায় (স্ব স্ব শাখায়) পূর্বে খোলা চলতি হিসাবে জমা করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক দিন শেষে উক্ত চলতি হিসাবে সংগৃহীত অর্থ বিকলন করে ভর্তি ফি এর অর্থ T<sub>24</sub> সফটওয়্যারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় রক্ষিত টাকা জমার রশিদে উল্লিখিত হিসাব নম্বরে জমা করতে হবে। অবশিষ্ট অন্য দুইটি ভাউচার হাতে লিখে শাখার জেনারেল লেজার-এ পোষ্টিং করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।
- (চ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য প্রধান কার্যালয়ের আইসিটিডি-সিস্টেম এর Digital Banking Cell ফোন : ০২-৯৫১৪৩৮০ ই-মেইলঃ (dbc@janatabank-bd.com) এর সাথে যোগাযোগ করতে হবে।
- (ছ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয়ঃ বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসসমূহ তাদের আওতাধীন শাখাসমূহে সংগৃহীত তথ্য প্রধান কার্যালয়ের আইসিটিডি-সিস্টেম এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
- (জ) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার করণীয় ৪- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজ, গার্লস্‌ ইউনিট এবং প্রযুক্তি ইউনিটের আভারথ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম শেষ হওয়ার পর সংশ্লিষ্ট শাখাসমূহ হতে আদায়কৃত অর্থ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় রক্ষিত টাকা জমার রশিদে উল্লিখিত হিসাব নম্বরে (০১০০২৩৩৯৬৩৬৭৯) জমা করার ব্যবস্থা গ্রহণ করবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী সাত কলেজ, গার্লস্‌ ইউনিট এবং প্রযুক্তি ইউনিটের আভারথ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে ব্যাংকের যে কোন শাখায় ২১.০৩.২০২৪ তারিখ হতে শুরু হয়ে ২৫.০৪.২০২৪ তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য JB Online Solutions-এ Login করে এর আওতাধীন University Admission System এর মাধ্যমে তাত্ক্ষণিকভাবে প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য আইসিটিডি-সিস্টেম হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।



(মহিউদ্দিন আহমদ)  
উপ-মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্ত



(রুহিয়া আখতার)  
মহাব্যবস্থাপক